বিজয়ের পথ

শায়খ আবু হামজাহ আল মুহাজির ﷾

مكتبة الهمّة
মাকতাবাহ আল হিম্মাহ

বাংলা ভাষায় মুদ্রিত:
জুমাদা আল আখিরাহ ১৪৩৮ হিজরি

মূল অডিও এর শিরোনাম এবং প্রকাশিত হওয়ার তারিখ:

مسالك النصر - রাবিউল আখির ১৪২৯ হিজরি

অনুবাদ:
মাকতাবাহ আল হিম্মাহ

সূচিপত্র

ভূমিকা	৬
প্রথম পথ	৮
দ্বিতীয় পথ	১১
তৃতীয় পথ	১৪
চতুর্থ পথ	১৯
পঞ্চম পথ	২৫
ষষ্ঠ পথ	৩২
সপ্তম পথ	৩৪
অষ্টম পথ	৩৬

বিজয়ের পথ

بسم الله الرحمن الرحيم

ভূমিকা

সকল প্রশংসা আল্লাহর যিনি প্রবল প্রতাপশালী, সৃষ্টিসমূহের প্রতিপালক এবং এই দ্বীনকে নুসরত দানকারী। তিনি ব্যতীত কোন মাবুদ নেই। কিছু সময় পরে হলেও তিনি হক্বকে বিজয় দান করেন। সালাত ও সালাম বর্ষিত হোক আম্বিয়াগণের ইমামের ওপর এবং আনসার ও মুহাজিরদের মধ্য থেকে তাঁর সাহাবাগণের ওপর আল্লাহ রাব্বুল আলামীন সন্তুষ্ট হোন। অতঃপর,

আল্লাহ ﷻ বলেন: "তারা তাদের মুখের ফুঁৎকারে আল্লাহর নূরকে নির্বাপিত করতে চায়। কিন্তু আল্লাহ অবশ্যই তাঁর নূরের পূর্ণতা বিধান করবেন, যদিও কাফেররা তা অপ্রীতিকর মনে করে। তিনিই প্রেরণ করেছেন আপন রসূলকে হেদায়েত ও সত্য দ্বীন সহকারে, যেন এ দ্বীনকে অপরাপর দ্বীনের উপর জয়যুক্ত করেন, যদিও মুশরিকরা তা অপ্রীতিকর মনে করে।" (সুরা তাওবাহ: ৩২-৩৩) তাই প্রত্যেক মুসলিমের নিশ্চিত থাকা উচিত যে, বিজয় অত্যাসন্ন, আল্লাহ এই দ্বীনকে সম্মানিত করবেন, ভবিষ্যৎ এই দ্বীনেরই জন্য, যদিও সকল জাতি আমাদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত। সকল ক্ষমতার অধিকারী আল্লাহর মেহেরবানীতে আমরা অবশ্যই এই পৃথিবী শাসন করব। যে কেউ তা অস্বীকার করে বা সন্দেহ পোষণ করে, সে ভীত সন্ত্রস্ত কাফির ছাড়া আর কিছু নয়।

আল্লাহ, প্রকৃত বাদশাহ বলেন: " আমি উপদেশের পর জবুরে লিখে দিয়েছি যে, আমার সৎকর্মপরায়ণ বান্দাগণ অবশেষে পৃথিবীর অধিকারী হবে। এতে ইবাদতকারী সম্প্রদায়ের জন্যে পর্যাপ্ত বিষয়বস্তু আছে।" (সুরা আম্বিয়া: ১০৫-১০৬) সত্যপরায়ণ ও বিশ্বস্ত নবী ﷺ বলেন, "এই দ্বীন সেই পর্যন্ত বিস্তার লাভ করবে যে পর্যন্ত দিন ও রাত পৌঁছায় এবং মাটি বা পশমের তৈরি (শহর বা মরু অঞ্চলের আবাস স্থল) এমন কোন ঘর আল্লাহ বাকি রাখবেন না, যেখানে মর্যাদা কিংবা অবমাননার মাধ্যমে এই দ্বীন পৌঁছাবে না- গর্ব হল যার দরুন আল্লাহ ইসলামকে গৌরবান্বিত করেন আর অবমাননা হল যার মাধ্যমে আল্লাহ কাফিরদের দমন করেন" (আহমদ হতে বর্ণিত) তামীম আদ দারী এই হাদিস বর্ণনা করেন, যিনি পরবর্তীতে বলেন, "আমি নিজের ঘরে এর সত্যতা খুঁজে পাই। যারা ইসলাম গ্রহণ করেছিলেন তারা প্রভূত কল্যাণ, সম্মান ও গৌরব লাভ করেছেন।

আর যারা কুফরে অবিচল থাকেছে তাদের ওপর অপমান, পরাজয় এবং জিযিয়া আরোপ করা হয়েছি"।

মুয়াহহিদদের অবশ্যই মনে রাখা উচিত, এই আক্বিদাহ যার ফলে পবিত্র রক্ত প্রবাহিত হয়েছে, যার জন্য শুহাদাগণ যুদ্ধ করেছেন, এর উপরই তারা জীবন অতিবাহিত করেছেন এবং এর জন্যই মারা গেছেন, একদিন নিশ্চিতভাবে তা বিজয়ী হবে। এর তীর প্রত্যেক কাফিরের ঘাড়ে আঘাত হানবে এবং তা প্রত্যেক মুয়াহহিদদের অন্তরকে আলোকিত করবে। কিন্তু আমাদের অনুধাবন করতে হবে যে, বিজয়ের শর্ত হল রাসূল ﷺ কে যথাযথ অনুসরণ। যদি এই শর্ত পাওয়া যায় তাহলে বিজয় আসবে, শর্ত অনুপস্থিত থাকলে কাঙ্ক্ষিত বিজয় আসবে না। আলিমগণ যেভাবে ব্যাখ্যা দিয়েছেন, অন্য কোন কারণ নেই যা এই বিজয়ের পথে অন্তরায়। ইবন ক্বাইয়্যিম ﷺ বলেন, "এর দরুন, বিজয় এবং সম্পূর্ণ সাহায্য তারা লাভ করবে যারা ইমানে পরিপূর্ণ। আল্লাহ তায়ালা বলেন, "আমি সাহায্য করব রসূলগণকে ও মুমিনগণকে পার্থিব জীবনে ও সাক্ষীদের দণ্ডায়মান হওয়ার দিবসে।" (সুরা গ্বাফির: ৫১) তিনি আরও বলেন, "যারা বিশ্বাস স্থাপন করেছিল, আমি তাদেরকে তাদের শত্রুদের মুকাবেলায় শক্তি যোগালাম, ফলে তারা বিজয়ী হল।" (সুরা আস-সফ: ১৪) সুতরাং যে কারও ইমানে ঘাটতি থাকবে, বিজয় এবং সাহায্য লাভের ক্ষেত্রে সে আনুপাতিকভাবে বঞ্চিত হবে"। (ইঘাছাত আল লাহফান)

রাসূল ﷺ আমাদেরকে -বিস্তারিতভাবে- বিজয়ের কারণ এবং এর পথে প্রতি-বন্ধকতার ব্যাপারে দিক নির্দেশনা দিয়েছেন। ইবন ক্বাইয়্যিম ﷺ বলেন, "এভাবে রাসূল ﷺ তাদেরকে যুদ্ধের কলা-কৌশল, শত্রুর মোকাবিলা এবং পাশাপাশি বিজয় লাভের উপায় সম্পর্কে শিক্ষা দিয়েছেন, সেই শিক্ষাগুলো হলো এমন যে, যদি তারা সেটা শিখতে পারে, বুঝতে পারে আর ধরে রাখতে পারে যেভাবে তা সংরক্ষণ করা উচিত, তাহলে এমন কোন শত্রু থাকবে না যারা তাদের সামনে দাড়াতে পারে"। (ইলাম আল মুয়াক্কিয়্যিন)

প্রথম পথ

বিভিন্ন কারণের মাঝে অন্যতম কারণ হল তাওহীদ। আল্লাহ তায়ালা বলেন, "বস্তুতঃ তারা তো সর্বদাই তোমাদের সাথে যুদ্ধ করতে থাকবে, যাতে করে তোমাদিগকে দ্বীন থেকে ফিরিয়ে দিতে পারে যদি সম্ভব হয়। " (সুরা বাক্বারাহ: ২১৭) এবং তিনি বলেন, "তারা তাদেরকে শাস্তি দিয়েছিল শুধু এ কারণে যে, তারা প্রশংসিত, পরাক্রান্ত আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করেছিল।" (সুরা বুরুজ: ৮) এই বাস্তবতা সকল মুজাহিদকে বুঝতে হবে।

মুয়াহহিদিন আর কুফফারদের লড়াই হল মূলত আক্বিদার লড়াই। আল্লাহ এই শত্রুতাকে দ্বীনের মাঝে সীমাবদ্ধ রেখেছেন। সুতরাং, কাফির-ধর্মনিরপেক্ষ, কমিউনিস্ট, খৃস্টান, ইহুদী-যেই হোক না কেন, অকৃত্রিম ইমান ছাড়া অন্য কোন কারণে মুয়াহহিদিনকে তারা ঘৃণা করে না। আমাদের আর তাদের বিরুদ্ধে যুদ্ধের কোন স্লোগান বা মূলমন্ত্র যখন ধর্ম ছাড়া অন্য কিছু বলা হয়, তখন আসলে তা নিরেট মিথ্যা, কারণ কাফির আসলি (কাফির যে কখনো মুসলিম ছিল না বা মুসলিম বলে দাবি করে নি, যেমন, ইহুদী, খৃস্টান, হিন্দু, বৌদ্ধ) অথবা মুরতাদ কাফির এবং মুজাহিদ মুয়াহহিদিনের শত্রুতা কখনো কোন অর্থনৈতিক বা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত নয়। এটা কেবল ইমান আর কুফরের লড়াই, আক্বিদাহগত যুদ্ধ এবং ধর্মীয় বিষয়।

আমরা দখলদার ক্রুসেডার বা আরব মুরতাদদের বিরুদ্ধে ভূমি দখলের জন্য লড়াই করি না, বরং আল্লাহর কালিমা আল্লাহর জমিনে প্রতিষ্ঠার জন্য লড়াই করি। অনুরূপভাবে, তারাও কেবল অর্থনৈতিক প্রাপ্তির ক্ষেত্রে মতপার্থক্যের জন্য আমাদের বিরুদ্ধে লড়ে না। যদি বিষয় তেমনি হত, তাহলে আমাদের আর তাদের জন্য একটা মধ্যপন্থা অবলম্বন বা সমঝোতা বের করা সহজ হত। কিন্তু আমরা আমাদের হৃদয় আর ধমনীতে প্রবহমান রক্তকে তাদের নোংরা আক্বিদাহ আর মিথ্যাচার দ্বারা কলুষিত হতে দিব না।

প্রাচীন উপনিবেশবাদ ক্রুসেডারদের একটি ফ্রন্ট ছাড়া আর কিছু নয়, ঠিক যেমন বর্তমানে তা ইহুদী ও খৃস্টানদের একটি ফ্রন্ট। বস্তুত, "রোমানদের সিজার"

বুশ বেশ কয়েকবার ঘোষণা দিয়েছে যে, "এই যুদ্ধ হচ্ছে ক্রুসেড" ।তাহলে কেন মানুষ মিথ্যা বলে আর অস্বীকার করে?

যদি তা সঠিক জান, হে মুজাহিদ, তবে বিভিন্ন পতাকা দেখে বিভ্রান্ত হয়ো না, আর নানান মার্কা দেখেও প্রতারিত হয়ো না, ঠিক তেমনি তোমাকে অবশ্যই তোমার হৃদয় আর সারী সমূহকে অপবিত্রতা থেকে পবিত্র করতে হবে। অনুরূপভাবে, মনে রেখ, অন্তর ও সারিতে শিরকের উপস্থিতি বিজয়ের পথে একটি বাধা এবং দ্রুত পরাজয়ের কারণ। আল্লাহ তায়ালা বলেন, "আর জালেমদের কোন অভিভাবক ও সাহায্যকারী নেই।" (আশ শুরা: ৮) তিনি আরও বলেন, "জালেমদের কোন সাহায্যকারী নেই।" (বাক্বারাহ: ২৭০) এই আয়াতের ব্যাখ্যায় তিনি বলেন, "হে বৎস, আল্লাহর সাথে শরীক করো না। নিশ্চয় আল্লাহর সাথে শরীক করা বড় জুলুম।" (লুক্বমান: ১৩)

অতঃপর, জেনে রাখুন যে বিজয় আর সংহতির জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়গুলোর মধ্যে একটি হলো নিজের নিয়তকে আল্লাহর জন্য খালিস করা। আল্লাহ ﷻ বলেন, "আল্লাহ অবগত ছিলেন যা তাদের অন্তরে ছিল। অতঃপর তিনি তাদের প্রতি প্রশান্তি নাযিল করলেন এবং তাদেরকে আসন্ন বিজয় পুরস্কার দিলেন।" (আল-ফাতহ: ১৮), অর্থাৎ আল্লাহ রাব্বুল আলামীনের প্রতি বাইয়াহ প্রদান করার মাধ্যমে তাদের হৃদয়ে যে সত্যবাদীতা, আনুগত্য আর একাগ্রতা সৃষ্ঠি হয়েছিল (তার দরুন)।

এই আয়াত ইঙ্গিত করে যে বিজয় ও সংহতির ক্ষেত্রে সবচেয়ে বড় নিয়ামক হল আল্লাহর জন্য নিয়তকে বিশুদ্ধ করা, আর যখন ইখলাস থাকবে তখন আল্লাহ বিজয় আর সংহতির পুরস্কার প্রদান করবেন। আল্লাহ বলেন, "অতএব, যে ব্যক্তি তার পালনকর্তার সাক্ষাত কামনা করে, সে যেন, সৎকর্ম সম্পাদন করে এবং তার পালনকর্তার এবাদতে কাউকে শরীক না করে।" (সুরা কাহফ: ১১০) আল্লাহর রাসূল ﷺ বলেন, "তোমাদের জন্য আমি সবচেয়ে যা ভয় করি তা হল ছোট শিরক" (আহমেদ, মুহাম্মাদ ইবন লাবিদ হতে বর্ণিত)। ফলে, রাসূল ﷺ সাহাবাদের এ সম্পর্কে সাবধান করার ব্যাপারে খুব যত্নবান ছিলেন- বিশেষত জিহাদের ক্ষেত্রে- যেন তাদের অন্তর দূষিত না হয়। এ বিষয়ে তিনি আরও গুরুত্বারোপ করেন, জিহাদের নেতৃত্বের ব্যাপারে তাঁর এই উক্তির মাধ্যমে, "বস্তুত, আল্লাহর শপথ, আমরা এই (নেতৃত্বের) কাজে এমন কাউকে নিয়োগ দেই না যে

তা অনুরোধ করে অথবা তা পাওয়ার আশা করে” [বুখারী ও মুসলিম, আবু মুসা আল আশ’আরী ﷺ হতে বর্ণিত]

আব্দুর রাহমান ইবন সামুরাহ ﷺ বলেন যে, রাসূল ﷺ তাকে বলেন: “হে আব্দুর রাহমান ইবন সামুরাহ, কোন নেতৃত্বের পদ পাওয়ার জন্য অনুরোধ করো না, যদি কোন নেতৃত্বের পদ দাবি না করে পাও, তবে তুমি আল্লাহ কর্তৃক সাহায্যপ্রাপ্ত হবে আর যদি নেতৃত্বের পদ দাবি করে অর্জন কর, তবে তোমাকে একা ছেড়ে দেয়া হবে।” (বুখারী ও মুসলিম)

আন নববী বলেন যে, “আলিমগণ বলেন যে, নেতৃত্বের পদ দাবিদারকে নিয়োগ না দেয়ার হিকমত হল, তাকে একা ছেড়ে দেয়া হবে এবং সে আল্লাহ কর্তৃক সাহায্যপ্রাপ্ত হবে না, যেমনটা আব্দুর রাহমান ইবন সামুরাহর হাদিস থেকে পরিষ্কারভাবে জানা যায়। আর যে (আল্লাহর) সাহায্যপ্রাপ্ত নয়, সে যোগ্যও নয়, কারণ যোগ্যতা হল নিয়োগের একটা শর্ত”। (শারহ সহীহ মুসলিম)

অনুরূপভাবে, একজন লোকের ফী-সাবিলিল্লাহ আর জিহাদের ক্ষেত্রে ভালো ইতিহাস থাকতে পারে, এমন অনেক ভালো দিক থাকতে পারে যার ব্যাপারে আল্লাহ ছাড়া আর কেউ অবগত নয়, তথাপি সে নেতৃত্বের পদের উপযুক্ত নাও হতে পারেন, যদিও সে নিজেকে তার যোগ্য বলে মনে করে। আবু যার ﷺ বলেন: “হে আল্লাহর রাসূল ﷺ আপনি কেন আমাকে নেতৃত্বের পদ প্রদান করেন না?” ফলে তিনি আমার কাঁধে হাত রেখে বললেন, “হে আবু যার, তুমি দুর্বল আর এটা একটা আমানত। কিয়ামতের দিন তা দুর্দশা ও অনুতাপের কারণ হবে”। (মুসলিম)

তবে ভাল লোকদের মধ্য থেকে কাউকে অন্যদের নেতৃত্ব দেয়া জরুরী হয়ে পড়তে পারে, যখন অন্যায়ভাবে রক্তপাত করা হয় আর সম্পদ লুণ্ঠন করা হয় আর সে যদি তা প্রতিহত করতে সক্ষম হয়। ইয়াকুব ﷺ এর পুত্র ইউসুফ ﷺ বলেন: “আমাকে দেশের ধন-ভাণ্ডারে নিযুক্ত করুন। আমি বিশ্বস্ত রক্ষক ও অধিক জ্ঞানবান।” (ইউসুফ: ৫৫)

দ্বিতীয় পথ

বিজয়ের দ্বিতীয় শর্ত হল একতা, জামায়াতবদ্ধতা। আল্লাহ তায়ালা বলেন, "আর তোমরা সকলে আল্লাহর রজ্জুকে সুদৃঢ় হস্তে ধারণ কর; পরস্পর বিচ্ছিন্ন হয়ো না। আর তোমরা সে নিয়ামতের কথা স্মরণ কর, যা আল্লাহ তোমাদিগকে দান করেছেন। তোমরা পরস্পর শত্রু ছিলে। অতঃপর আল্লাহ তোমাদের মনে সম্প্রীতি দান করেছেন। ফলে, এখন তোমরা তাঁর অনুগ্রহের কারণে পরস্পর ভাই ভাই হয়েছ। " (আল ইমরান: ১০৩)

আব্দুল্লাহ ইবন মাসউদ ﵁ বলেন, "হে লোকসকল, তোমাদের অবশ্যই উচিত আনুগত্য বজায় রাখা এবং জামায়াতের সাথে থাকা, কারণ এটাই আল্লাহর সেই রজ্জু যা দৃঢ়ভাবে ধারণ করার কথা বলা হয়েছে এবং বস্তুত জামায়াতের মধ্যে তোমরা যা অপছন্দ করো তা বিভক্ত থেকে যা তোমরা যা পছন্দ করবে তার চেয়ে উত্তম।" (ইবন আল বাত্তাহ: আল ইবানাত আল কুবরাহ)

এটা সন্দেহাতীতভাবে সঠিক, যেহেতু রাসূল ﷺ বলেন, "মুসলিমের হৃদয়ে সত্যের ব্যাপারে কখনো বিদ্বেষ থাকবে না, যখন তার মাঝে তিনটি গুণ পাওয়া যাবে: ইখলাসের সাথে কাজ করা, কর্তৃত্বশীলদের সাথে একনিষ্ঠতা", অন্য বর্ণনা অনুযায়ী, "কর্তৃত্বশীলদের প্রতি আনুগত্য এবং মুসলিম জামায়াতের সাথে এক-তাবদ্ধ থাকা, কারণ মূলত তাদের প্রার্থনায় এসব সন্নিবেশিত থাকে"। [ইবন মাজাহ এবং অন্যদের কর্তৃক সংগৃহীত, যায়দ ইবন ছাবিত ﵁ হতে বর্ণিত] ইবন আল ক্বাইয়্যিম ﵀ এই প্রসঙ্গে বলেন, যে কেউ আল্লাহর সাথে তার সকল কাজ ইখলাসের সাথে করে, আল্লাহর বান্দাদের সাথে সকল কাজের ক্ষেত্রেও আন্তরিক থাকে এবং কোন রকম অনৈক্য ছাড়া মুসলিম জামায়াতের সাথে সমন্বয় বজায় রাখে, এর ফলে তার অন্তর হয় পবিত্র ও নিখাদ আর সে আল্লাহর ওলীতে পরিণত হয়। তবে যে সেরূপ নয় তার অন্তর সকল দুর্বলতা দ্বারা আক্রান্ত হবে"। (মাদারিজ আস সালিকিন)

সুতরাং, মুসলিমদের অবশ্যই একতার ওপর ভিত্তি স্থাপন করতে হবে, বি-ভক্তির ওপর নয়। বিচ্যুতি ও অনৈক্য না করে আল্লাহর রজ্জুকে শক্তভাবে ধারণ করতে হবে। একতা দুনিয়াতে আনবে বিজয়, গৌরব ও সংহতি আর আখিরাতে আনবে চেহারার ঔজ্জ্বল্য আর স্তরের বৃদ্ধি। বর্ণিত আছে যে, এই আয়াতের "সেদিন কোন কোন মুখ উজ্জ্বল হবে, আর কোন কোন মুখ হবে অন্ধকারাচ্ছন্ন" (আল ইমরান: ১০৬) তাফসীরে ইবন আব্বাস ﵄ বলেন যে: "আহলুস সুন্নাহ

আর জামায়াতের অনুসারীদের চেহারায় ঔজ্জ্বল্য থাকবে আর বিদাআত আর বিভক্তির লোকদের চেহারা হবে অন্ধকারাচ্ছন্ন"। (তাফসীর ইবন আবি হাতিম)

বিভক্তির দ্বারা কখনো বিজয় বা গৌরব অর্জিত হয় নি, যদি আমাদের উমা-রাগণ আল্লাহর জমিনের সর্বোত্তম আর সবচেয়ে সাহসী কেউ হন তবুও। এমনি ছিল আমিরুল মুমিনিন আলী ইবন আবি তালিব ﷺ এর সময়কার অবস্থা, যদিও সেসময় দুনিয়ায় পদচারণাকারী তাঁর চেয়ে উত্তম কেউ ছিল না, তদুপরি, উম্মাহ তখন বিভক্ত হয়, এক দল তাঁর বিরুদ্ধে বিদ্রোহ করে, পরবর্তীতে কতিপয় খাও-য়ারিজও, আল্লাহ আমাদেরকে তাদের থেকে হেফাজত করুন, তাঁর বিরুদ্ধাচরণ করে, এমনকি তখন তিনি কাফিরদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য একটি সেনাবা-হিনীও প্রস্তুত করতে সম্পূর্ণরূপে অক্ষম ছিলেন।

রাফিদাদের দাবীকৃত বারো ইমামের আলোচনা প্রসঙ্গে ইবন তাইমিয়্যাহ ﷺ বলেন: "আলী ﷺ ছাড়া তাদের মধ্যে এমন কেউ ছিলো না যার উত্তোলন করার মত একটি তরবারি আছে, তা সত্ত্বেও তিনি তাঁর খিলাফাহর সময় কাফিরদের ভূমিতে আঘাত হানতে পারেন নি, তাদের কোন শহর দখল বা কোন কাফিরকে হত্যা করতেও সক্ষম হন নি। বরং মুসলিমগণ তখন একে অন্যের সাথে বিবাদে লিপ্ত ছিল, এমনকি কুফফারদের মধ্য থেকে মুশরিকগণ আর প্রাচ্য ও শামের আহলে কিতাবরা এই সুযোগে -যে রূপ বর্ণিত হয়েছে- মুসলিমদের কিছু জায়গা দখল করে নেয়"। (মিনহাজ আস-সুন্নাহ)

সারিকে বিভক্তি আর নেতৃত্ব নিয়ে মতবিরোধের ফলে উদ্ভূত আল জামালের যুদ্ধ এক বেদনাদায়ক উদাহরণ। বিপরীতে, দুর্ভিক্ষের বৎসরে উম্মাহ যখন মুয়াবিয়া ﷺ এর সমর্থনে একত্র হয়, তিনি সেনাবাহিনী গঠন করে ভূমি জয় করেন এবং যাকাত সংগ্রহ করেন এবং সম্পদ বণ্টন করেন।

কেউ অস্বীকার করবে না যে, আলী ﷺ ছিলেন মুয়াবিয়া ﷺ এর তুলনায় অধিক মুত্তাকী, সাহসী, বিচক্ষণ ও ন্যায়পরায়ণ, তথাপি সকল মতানৈক্যই খারাপ। রাসূল ﷺ বলেন, "যে কেউ আনুগত্য ত্যাগ করে জামায়াত থেকে বের হয়ে যায়, অতঃপর মৃত্যু বরণ করে, তার মৃত্যু হয় জাহিলিয়াতের ওপর। আর যে কেউ অন্ধ কোন ব্যানারের অধীনে জাতীয়তাবাদে ক্রুদ্ধ হয়ে বা জাতীয়তাবাদের দিকে আহবান করে যুদ্ধ করে এবং নিহত হয়, তবে সে জাহিলিয়াতের ওপরে নিহত হয়"। (আবু হুরায়রা হতে বর্ণিত, মুসলিম) তিনি ﷺ আরও বলেন, "কেউ তার আমিরের কোন কিছু অপছন্দ করলে তাকে অবশ্যই সবর করতে হবে, কারণ যে

জামায়াত থেকে এক বিঘত পরিমাণ দূরে সরে গিয়ে মৃত্যু বরণ করে তার মৃত্যু হয় জাহিলিয়াতের ওপর"। [ইবন আব্বাস ﷺ হতে বর্ণিত, বুখারী ও মুসলিম]

নিশ্চয়ই, আল্লাহর সহায়তায় যতক্ষণ আমাদের অন্তর এক আমিরের ওপর ঐক্যবদ্ধ থাকে, যার ব্যাপারে আমরা ভাল ধারণা পোষণ করি এবং তার বিরুদ্ধে উত্থাপিত মিথ্যা দাবি ও সন্দেহ খণ্ডন করি, তখন আমেরিকাও যদি তার সমস্ত শক্তি নিয়ে আসে -এর সব নারী, পুরুষ সহ- আমাদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য, বস্তুত, সেক্ষেত্রে আমরাই বিজয়ী হব। সুতরাং, হে আল্লাহর সৈনিক, এমন যে কেউ থেকে সাবধান থাকো যে সারিকে বিভক্ত করতে চায়।

তৃতীয় পথ

বিজয়ের তৃতীয় শর্ত হল আমীরের কথা শোনা ও মান্য করা এবং আল্লাহর আদেশ অনুসরণ করা। আল্লাহ তায়ালা বলেন, " তোমরা আল্লাহর নেয়ামতের কথা স্মরণ কর, যা তোমাদের প্রতি অবতীর্ণ হয়েছে এবং ঐ অঙ্গীকারকেও যা তোমাদের কাছ থেকে নিয়েছেন, যখন তোমরা বলেছিলে: আমরা শুনলাম এবং মেনে নিলাম।" (মায়দাহ: ৭) উবাদা ইবন সামিত ﷺ বলেন, "আমরা রাসূল ﷺ কে বাইয়াহ প্রদান করলাম এই মর্মে যে, আমরা পছন্দ ও অপছন্দ, সহজ ও কঠিন সকল অবস্থায় শুনবো ও মানবো এবং নিঃস্বার্থভাবে তা করবো। আর কর্তৃত্বশীলদের সাথে বিবাদে লিপ্ত হব না, যতক্ষণ না তাদের মাঝে প্রকাশ্য কুফর দেখতে পাই, যে ব্যাপারে আল্লাহর পক্ষ থেকে আমাদের কাছে প্রমাণ থাকে"। (বুখারী ও মুসলিম) অন্য বর্ণনা অনুযায়ী "সক্রিয় ও আলস উভয় অবস্থায় শোনা ও মান্য করা" আল্লাহর রাসূল ﷺ আরও বলেন, "শোনো ও মান্য করো যদি কোন দাসকে তোমাদের ওপর নিযুক্ত করা হয় আর সে আল্লাহর কিতাব অনুযায়ী তোমাদের নেতৃত্ব দেয়"। (উম্মুল হুসাইন হতে মুসলিম কর্তৃক বর্ণিত) ইবন হাজর এই হাদিসের ব্যাখ্যায় বলেন, "আমিরকে আনুগত্যের আদেশ সকল আমিরের ক্ষেত্রে প্রযোজ্য, তিনি খলিফা হোন বা না হোন।" (ফাতহ আল বারী)

রাসূল ﷺ বলেন, "আমি তোমাদের পাঁচটি বিষয়ের আদেশ দিচ্ছি যে সম্পর্কে আল্লাহ আমাকে আদেশ দিয়েছেন: জামায়াত, শোনা, মান্য করা, হিজরত ও জিহাদ" (আহমদ, আত-তিরমিযী, হারিছ আল আশআরী হতে বর্ণিত)

এখানে আমি যে বিষয় জোর দিয়ে বলতে চাই তা হল অপছন্দ ও কঠিন অবস্থায় সততার সাথে শোনা ও মান্য করা এবং গুরুত্বের সাথে আল্লাহর আদেশ অনুসরণ করা, কারণ আল্লাহর সাহায্যে, পছন্দনীয় ব্যাপারে মান্য করা একটি সহজ ব্যাপার। যে বিষয়টি সবচেয়ে বেশি সাবধান করি, তা হল যুদ্ধের সময় অবাধ্যতা, যেহেতু একাধিকবার আমরা তার পরিণতি দেখেছি এবং সবসময়ই তা ছিল বড় দুঃখের কারণ।

এর একটা উদাহরণ হল, রাসূল ﷺ এর সাথে সাহাবাদের উহুদ যুদ্ধের ঘটনা। তিনি প্রত্যেক সেনা ইউনিটের দায়িত্ব নির্ধারণ করে দেন, তীরন্দাজদের এমন জায়গায় রাখেন যেন তারা ভাইদেরকে পেছন থেকে দেখতে পায়, আর তাদের প্রতি শত্রুদের পক্ষ থেকে ঘেরাও অথবা সম্ভাব্য হামলার প্রচেষ্টা প্রতিহত করতে পারে। তিনি পরিষ্কার ভাষায় তীরন্দাজদের বলেন: "আমাদের পেছন থেকে খেয়াল করো। যদি আমাদের মারা যেতে দেখ আমাদের সমর্থনে এগিয়ে এসো না আর যদি আমাদের গণিমত সংগ্রহ করতে দেখ আমাদের সাথে

তাতে অংশ নিতে এসো না"। [ইবন আব্বাস ﷺ থেকে বর্ণিত, আহমেদ] কিন্তু তীরন্দাজগণ আল্লাহর রাসূলের ﷺ আদেশে কর্ণপাত করে নি, পরিণামে মুসলিমগণ পিছু হঠে আর এর ফলে প্রভূত ক্ষতি সাধন হয় এবং তা এ কারণে যে, সেনাবাহিনীর একটি অংশ তাদের সেনাপতির দ্ব্যর্থ হীন আদেশ ও তাদের প্রতি সাবধান বাণী অমান্য করে।

এ থেকে দেখা যায় যে, সামরিক আদেশ অমান্যের তড়িৎ পরিণতি আসে, কোন সৈনিকের ব্যক্তিগত ইজতিহাদ যদি আমিরের ইজতিহাদের বিপরীত হয় - আপাতঃ পক্ষে তা ভাল ও ঠিক মনে হলেও- তা বড় ভুল, যা অশুভ পরিণতির দ্বার উন্মোচন করে। অপরদিকে, কোন সৈনিক আমিরের আনুগত্য করে আল্লাহর ইবাদত হিসেবে, যতক্ষণ সে শরয়ী বিরোধী কোন কিছুর আদেশ তাকে না করে।

সেনা কর্মকাণ্ডে ইজতিহাদের এখতিয়ার শুধু আমিরের, অন্য কারও কেবল সুপারিশ বা পরামর্শ দেয়া ব্যতীত সেই অধিকার নাই। এটা এমন যার প্রতিফলন এই উদ্ধৃতিতে পাওয়া যায়: "কোন আমিরের নেতৃত্বের দায়িত্ব বলে গৃহীত সিদ্ধান্ত বা মতামত কোন ব্যক্তিগত মুসলিমের মতামত দ্বারা নাকচ হয় না।" (ইবন মুফলিহ: কিতাব আল ফুরু)

দেখুন, হে আল্লাহর বান্দা, কঠিন ও কষ্টের সময় শোনা ও মান্য করার ফলে কী বরকত লাভ করা যায়। এর প্রকৃষ্ট উদাহরণ হল, রাসূল ﷺ যখন যুদ্ধাহত মুসলিমদের, তাদের ব্যথা ও আহত অবস্থা সত্ত্বেও, উহুদের সময় যুদ্ধের নির্দেশ দেন, যখন তিনি জানতেন যে, আবু সুফিয়ান মুসলিম বাহিনীর অবশিষ্ট সবাইকে নিঃশেষ করার অভিপ্রায় নিয়ে ফিরে আসবে। মুসলিমগণ আল্লাহ এবং তার রাসূলের ﷺ আদেশে সাড়া দিলেন। (ফলে আবু সুফিয়ানের পরিকল্পনা ভণ্ডুল হয়ে গেল) আল্লাহ তায়ালা বলেন, "যারা আহত হয়ে পড়ার পরেও আল্লাহ এবং তাঁর রসূলের নির্দেশ মান্য করেছে, তাদের মধ্যে যারা সৎ ও পরহেজগার, তাদের জন্য রয়েছে মহান সওয়াব।" (আল ইমরান: ১৭২)

আহযাবের যুদ্ধ থেকে ফিরে আসার সময়ও তাদের একই রকম অবস্থা ছিল। যদিও দুশ্চিন্তার কারণ দূর হওয়ায় তারা আরামের প্রত্যাশী ছিলেন, নিরাপত্তার রহমত উপভোগ করছিলেন, এমনকি প্রলম্বিত অবরোধের ধকল তারা ঠিকমত কাটিয়ে উঠতে পারেন নি, এরই মধ্যে তৎক্ষণাৎ আরেকটি যুদ্ধের আদেশ আসল। "বনু কুরাইযায় না পৌঁছে কেউ আসরের সালাত পড়বে না"। [ইবন উমর ﷺ হতে বর্ণিত, বুখারী ও মুসলিম] তারা আল্লাহ ও তার রাসূলের ﷺ প্রতি সত্যপরায়ণ হয়ে আদেশের অনুসরণ করলেন। তাই সত্যপরায়ণ হয়ে

শোনা ও মানার দরুন এবং গুরুত্বের সাথে আল্লাহর আদেশ অনুসরণের ফলে শত্রুদের ওপরে তারা বিজয় লাভ করলেন।

রাসূল ﷺ বলেন, "যে কেউ আমাকে মান্য করল সে আল্লাহকে মান্য করল আর যে কেউ আমাকে অমান্য করল সে আল্লাহকে অমান্য করল; এবং যে কেউ আমার আমিরকে মান্য করল সে আমাকে মান্য করল আর যে কেউ আমার আমিরকে অমান্য করল সে আমাকে অমান্য করল"। [আবু হুরায়রা ﷺ হতে বর্ণিত, বুখারী ও মুসলিম]

কতিপয় বিষয় যা শোনা ও মানার ক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখে তার মধ্যে উল্লেখযোগ্য হল:

প্রথমত: আমিরের প্রতি সুধারণা রাখা, যেমন আল্লাহ ﷻ বলেন, "মুমিনগণ, তোমরা অনেক ধারণা থেকে বেঁচে থাক। নিশ্চয়ই কতক ধারণা ভুল।" (হুজুরাত: ১২) সাধারণভাবে কোন মুসলিমের প্রতি সুধারণা রাখা ওয়াজিব, আমিরের ক্ষেত্রে তা অধিকতর প্রযোজ্য। জিহাদের ক্ষেত্রে আমিরের প্রতি কুধারণা পোষণের চেয়ে অধিক ক্ষতিকর কিছু নেই। কিভাবে তা নয়, যখন এ ধরনের উদ্ভূত ধারণা সবচেয়ে বড় মিথ্যাচার? রাসূল ﷺ বলেন, "তোমরা কুধারণা থেকে বিরত থাকো, কেননা তা সবচেয়ে বড় মিথ্যা"। [আবু হুরায়রা ﷺ হতে বর্ণিত, বুখারী ও মুসলিম]

"ফাইদ আল কাদির" এর লেখক বলেন, "কারও সম্বন্ধে কোন ব্যক্তির খারাপ ধারণা পোষণ যা যথার্থ নয়, তা ঐ ব্যক্তির ন্যায়পরায়ণতার অভাবকে ইঙ্গিত করে, যেহেতু বলা হয়ে থাকে, 'কারও আমল যখন খারাপ হয়, তখন তার ধারণাও সেরূপ হয়।'"

দ্বিতীয়ত, আমিরকে সম্মান করা। ইমাম আহমেদ হতে বর্ণিত যে মুয়াজ ﷺ বলেন, "রাসূল ﷺ আমাদেরকে পাঁচটি বিষয়ের উল্লেখ করেন, যদি তার কোন একটি কেউ সংরক্ষণ করে, সে আল্লাহর পক্ষ থেকে নিশ্চয়তা পাবে: অসুস্থকে দেখতে যাওয়া, জানাজায় শরিক হওয়া, আল্লাহর রাহে অভিযানে বের হওয়া, সম্মান ও শ্রদ্ধা করার জন্য নেতার নিকট গমন অথবা ঘরে অবস্থান করা যাতে মানুষ জন তার থেকে এবং সে তাদের থেকে নিরাপদ থাকে"।

আমিরকে সম্মান করা ও শ্রদ্ধা জানানো হয় তাকে মান্য করা আর সমর্থনের মাধ্যমে, পাশাপাশি তার ভাল দিক তুলে ধরা, তার আদেশ পালনে ছুটে যাওয়া

এবং ব্যক্তিগতভাবে পরামর্শ প্রদানের মাধ্যমে। ইবন হাজর বলেন, "নেতৃত্বের প্রতি মুসলিমদের আন্তরিকতা সম্পন্ন হয় তাদের দায়িত্বে সহায়তা প্রদানের মাধ্যমে, তারা যখন (দায়িত্বে) উপেক্ষা করে তখন স্মরণ করিয়ে দেয়ার মাধ্যমে, তারা ভুল করলে সংশোধনের মাধ্যমে, অন্যদেরকে তাদের দিকে আহবান করে একত্র করার মাধ্যমে এবং পিছু হঠা ব্যক্তিদের তাদের দিকে ফিরিয়ে আনার মাধ্যমে"। (ফাতহ আল বারী)

চতুর্থ পথ

বিজয়ের চতুর্থ কারণ হল সবর এবং দৃঢ়তা। আল্লাহ তায়ালা বলেন, "হে ঈমানদানগণ! ধৈর্য ধারণ কর এবং মুকাবেলায় দৃঢ়তা অবলম্বন কর। আর আল্লা-হকে ভয় করতে থাক যাতে তোমরা তোমাদের উদ্দেশ্য লাভে সফলকাম হতে পার।" (আল ইমরান: ২০০) যেহেতু রাস্তা কঠিন তাই পর্যাপ্ত রসদ সরবরাহ থাকতে হবে আর যেহেতু তা কষ্টসহিষ্ণু ও ক্লেশ দায়ক তাই সবর এবং দৃঢ়তা থাকা দরকার। এবং যেহেতু জিহাদ হল ইবাদত যা আল্লাহ আমাদের উপর ফরয করেছেন তাই আমাদের উঠে দাঁড়াতে হবে, পরীক্ষা যতই কঠিন বা ক্লান্তিকর হোক না কেন। এমনকি, বাতিল যদি ব্যাপক ও বিস্তৃত হয় আর হক্কের সমর্থন অপ্রতুল হয়, তথাপি জোর চেষ্টা চালিয়ে যেতে হবে।

আবু উবায়দা ইবন আল জাররা ﷺ রোমানদের সৈন্য সমাবেশ এবং তার প্রেক্ষিতে উদ্ভূত উদ্বেগের কথা জানিয়ে উমর ইবন খাত্তাব ﷺ কে লিখলে তিনি জবাবে তাকে এই কথা লিখেন: "পর সমাচার, মুমিন বান্দার উপর যা কিছু দুঃখ--দুর্দশা পতিত হয়, তারপরে আল্লাহ স্বস্তি দান করেন। বস্তুত, বিপদাপদ দুইটা স্বস্তিকে কখনো আচ্ছন্ন করবেন না।[১] অধিকন্তু, আল্লাহ তার কিতাবে বলেন, "হে ঈমানদানগণ! ধৈর্য ধারণ কর এবং মুকাবেলায় দৃঢ়তা অবলম্বন কর। আর আল্লাহকে ভয় করতে থাক যাতে তোমরা তোমাদের উদ্দেশ্য লাভে সমর্থ হতে পার।" [যায়দ ইবন আসলাম ﷺ হতে বর্ণিত, মালিক]

আল্লাহ তায়ালা আরও বলেন, "এবং অবশ্যই আমি তোমাদিগকে পরীক্ষা করব কিছুটা ভয়, ক্ষুধা, মাল ও জানের ক্ষতি ও ফল-ফসল বিনষ্টের মাধ্যমে। তবে সুসংবাদ দাও সবরকারীদের।" (বাক্বারাহ: ১৫৫) আত তাবারী বলেন, "আল্লাহ মুহাম্মাদ ﷺ এর অনুসারীদের বলছেন যে, তিনি তাদেরকে পরীক্ষা করবেন, যাচাই করবেন যে, কারা মুহাম্মাদ ﷺ কে অব্যাহত ভাবে অনুসরণ করে আর কারা পিছু হঠে যায়"। (আত তাফসীর)

যেকোন ক্ষেত্রে সবরের পরিণাম ভাল। আল্লাহ তায়ালা বলেন, "যদি সবর কর, তবে তা সবরকারীদের জন্যে উত্তম।" (আন নাহলঃ ১২৬) সুতরাং, আল্লা-হর সাহায্যের অন্বেষণ করুন এবং পূর্ববর্তী মুজাহিদগণ যেরূপ বলতেন সেরূপ বলুন, "আর যখন তালূত ও তার সেনাবাহিনী শত্রুর সম্মুখীন হল, তখন বলল, হে আমাদের পালনকর্তা, আমাদের মনে ধৈর্য সৃষ্টি করে দাও এবং আমাদেরকে দৃঢ়পদ রাখ-আর আমাদের সাহায্য কর সে কাফের জাতির বিরুদ্ধে।" (আল

১ তিনি সুরা আশ শারহ এর ৫-৬ নং আয়াতের ইঙ্গিত করেছেন।

বাক্বারাহ: ২৫০) আর আক্রান্ত মুয়াহহিদগণ যেরকম বলতেন সেরকম বল, "হে আমাদের রব আমাদের জন্য ধৈর্য্যের দ্বার খুলে দাও এবং আমাদেরকে মুসলমান হিসাবে মৃত্যু দান কর।" (আল আরাফঃ ১২৬)[২] এভাবে, যারা এক সময় ছিলেন জাদুকরী কুফফার তারা পরে ধর্মভীরু শুহাদায় পরিণত হন।

জেনে রাখুন, এটা তেমনই, যেমন সত্যাশ্রয়ী, বিশ্বস্ত রাসূল ﷺ সকল সৃষ্টির রবের বার্তা আমাদেরকে জানিয়ে বলেছেন, "যদি সকল মানুষ তোমার কল্যাণের জন্য জড়ো হয়, তারা তোমার কোন কল্যাণ করতে পারবে না, শুধু তা ব্যতীত যা আল্লাহ তোমার জন্য নির্ধারণ করে রেখেছেন, আর যদি সকল মানুষ তোমার অকল্যাণের জন্য জড়ো হয়, তারা তোমার কোন অকল্যাণ করতে পারবে না, শুধু তা ব্যতীত যা আল্লাহ তোমার বিরুদ্ধে নির্ধারণ করে রেখেছেন"। [ইবন আব্বাস ﷺ হতে বর্ণিত, আহমেদ, আত-তিরমিযী] তিনি ﷺ আরও বলেন, " জেনে রাখ, বিজয় আসে সবরের সাথে, কষ্টের সাথে আসে স্বস্তি আর কাঠিন্যের সাথে সহজতা"। [ইবন আব্বাস ﷺ হতে বর্ণিত, আহমেদ]

এখানে আমি আলোচনার কেন্দ্রে তা আনতে চাই যা অভিজ্ঞতা ও আছারের মাধ্যমে নিশ্চিতভাবে জানা যায়। এটা হল যুদ্ধের ময়দানে শত্রুকে মোকাবিলার সময় নেতৃত্বের অবিচল দৃঢ়তার ব্যাপক প্রভাব।জনৈক ব্যক্তি আল বারাকে জিজ্ঞেস করেন, "হে আবু উমারাহ, আপনি কি হুনায়নের যুদ্ধের দিন পশ্চাদপসরণ করেছিলেন?" তিনি জবাবে বলেন, "যদি জানতে চাও রাসূল ﷺ এর ক্ষেত্রে, তিনি পশ্চাদপসরণ করেন নি। আবু সুফিয়ান ইবন আল হারিছ তাঁর খচ্চরের লাগাম ধরে ছিলেন। আর যখন মুশরিকগণ তাঁকে ঘিরে ফেলে তিনি অবতরণ করে বলেন, "আমি নবী -মিথ্যা নয়- আমি ইবন আব্দিল মুত্তালিব"। (বুখারী ও মুসলিম) এই হাদিসে অনেক শিক্ষণীয় বিষয় আছে যা এই পথকে আলোকিত করে।

প্রথমত, নেতৃত্ব ছিলো যুদ্ধের ময়দানে ঠিক যেখানে যুদ্ধ হচ্ছিল, এমন নয় যে লড়াই ক্ষেত্র থেকে বহু দূরে ছিল। তা এক দেশ থেকে আরেক দেশে পালিয়ে বেড়ায় নি, এই দাবী করে যে তা হলো শুধুমাত্র "প্রতীকী", আর এর সমাপ্তি হলে (অর্থাৎ প্রতীকী নেতা নিহত বা গ্রেফতার হলে) দাওয়াহও থেমে যাবে। এর ফলে, ন্যূনতম ভাইদের নিকট যা অনুরোধ করি তা হল, এক উলাইয়ার আমির তার উলাইয়ার মাঝে, এক এলাকার আমির তার এলাকার মাঝে সীমাবদ্ধ থাকবেন। একইভাবে, কাতিবাহর (ব্যাটালিয়ন) আমির অথবা সারিয়্যার (স্কোয়াড) আমির তার অধীনস্থ সৈন্যবাহিনীর সাথে অবস্থান করবেন। কেউ তা

২ এগুলো অনুতপ্ত, ফেরাউনের পূর্ববর্তী যাদুকরদের কথা।

করতে অপারগ হলে তার নেতা হওয়া উচিত না, তার সকল যোগ্যতা থাকুক না কেন, যেহেতু সিংহ অন্যের শিকারে বস্তু ভক্ষণ ব্যতীত কখনো তার নির্দিষ্ট এলাকার বাইরে গিয়ে শিকার করে না।

দ্বিতীয়ত, তার কথা, "তিনি তার খচ্চরের লাগাম ধরে ছিলেন" অর্থাৎ, আমিরের মাধ্যমে দৃঢ়তা প্রকাশ পেতে হবে এবং তার আমলে তা ফুটে উঠতে হবে। এখানে যে দৃষ্টান্ত খুঁজে পাওয়া যায় তা হল, এরকম মারাত্মক অবস্থায়ও রাসূলুল্লাহ ﷺ খচ্চরের মত ধীরলয়ের একটি প্রাণীর ওপর বসে ছিলেন। ইবন কাছির ﷺ বলেন, "এটা ছিল চরম সাহসিকতার সর্বোচ্চ নজির। এরকম এক দিনে যুদ্ধের ডামাডোলে যখন তার বাহিনী তাঁকে উন্মুক্ত রেখে যায়, তখনো তিনি শ্লথ গতিসম্পন্ন খচ্চরে বসেছিলেন, যা আক্রমণ, পশ্চাদপসরণ ও পলায়নের জন্য অনুপযুক্ত। তদুপরি, তিনি তাদের দিকে এগিয়ে যান, স্বীয় নাম উচ্চারণ করেন যেন তারা তাঁকে চিনতে পারে। আল্লাহর শান্তি ও রহমত কিয়ামত পর্যন্ত চিরকাল তাঁর উপর বর্ষিত হোক"। (আত তাফসীর)

ইবন আল বাত্তাল হতে বর্ণিত আছে, আল মুহাল্লাব বলেন, "এই হাদিস হতে দেখা যায় যে, ইমাম যুদ্ধের সময় খচ্চরের পিঠে বসে আছেন, যা তাঁর দৃঢ়তার পরিচয় বহন করে, এর ফলে তার পালিয়ে যাওয়ার বা পশ্চাদপসরণের আশংকা নেই। এটা সৈন্যদের মনোবলের ওপরও প্রভাব ফেলে, কারণ তিনি দৃঢ় থাকলে তার সৈন্যরাও দৃঢ় থাকবে, আর যদি দেখা যায়, তিনি দৃঢ় থাকতে বদ্ধপরিকর, তবে সৈন্যরাও তাতে দৃঢ়প্রতিজ্ঞা হবে"। (শারহ সহীহ আল বুখারী)

উপরোক্ত বক্তব্য সমূহ থেকে একটা উপকারিতা যা এটা থেকে প্রতীয়মান হয় তা হল, আমিরের জন্য উপযুক্ত নয় যে, তিনি এমন কোন বাহনে চড়বে যা অন্যান্য সাধারণ সৈন্যদের তুলনায় অধিক শক্তিশালী ও দ্রুত গতিসম্পন্ন -কম শক্তিশালী না হলেও- এতে করে সৈন্যদের হৃদয়ে দৃঢ়তা থাকবে আর তাদের মনে কোন সংশয় কাজ করবে না, বিশেষত যদি তার বাহনের খরচ জিহাদের অর্থ থেকে ব্যয় করা হয়।

তৃতীয়ত, তাঁর নিজের পরিচয়দান মূলক উদ্ধৃতি, "আমি নবী -মিথ্যা নয়- আমি ইবন আব্দিল মুত্তালিব" ভেবে দেখা উচিত। যেহেতু যুদ্ধ তীব্রতর হয়, সেখানে যারা ছিল শোকে বিহ্বল হয়ে পড়েছিল, এমনকি অবস্থার ভয়াবহতা ও (যুদ্ধক্ষেত্র থেকে) প্রবল গতিতে পলায়নের কারণে কোন ব্যক্তি তার আপন ভাইকে চিনতে পারছিল না, তখন তাঁর জন্য জরুরী ছিল সৈন্যদের এবং যারা তাঁকে ভালবাসে তাদেরকে অবগত করানো যে, তিনি তখনো সেখানে বর্তমান এবং তিনি পালিয়ে

যান নি। নিরাপত্তা ব্যবস্থা আর সামরিক সাবধানতা অবজ্ঞা করে প্রকাশ্যে তিনি ঘোষণা দেন, যেহেতু সময় ও স্থান সেই ব্যবস্থার উপযুক্ত ছিল না এবং এরকম সংকটাপন্ন অবস্থায় ব্যক্তিগত ত্যাগ স্বীকার আর দৃঢ়তার প্রয়োজন ছিল।

আশ্চর্যের বিষয় হল, অন্যত্র জিহাদের কতিপয় আমির যুদ্ধ তীব্রতর হলে এবং শত্রুগণ তার এলাকা দখল করে সৈন্যদের কতল করা শুরু করলে গা ঢাকা দেয়, তার কোন সৈন্যের সাথে যোগাযোগ করে না, তার নাম এবং কোন ক্ষেত্রে তার চেহারাও পাল্টায়, এই দাবি করত যে ভাল নেতৃত্ব সংরক্ষণ করা উচিত, যদিও সে নিজে আর তার ভাইগণ পরাজিত হয়েছে। যদি সে দৃঢ় থাকত, তার সৈন্যদেরকে পরিচয় দিত, তার শত্রুর মোকাবিলা করত এবং সবর ও দৃঢ়তা প্রদর্শন করত, স্বয়ং ও যাদের ওপর সে নিযুক্ত হয়েছিল তারা পরাজয়ের পরিবর্তে পরিত্রাণ লাভ করত।

চতুর্থত, আল আব্বাস ﷺ বলেন যে, রাসূল ﷺ বলেন, "হে আব্বাস, সামুরার লোকদের ডাক"[৩] ফলে, আল আব্বাস যার গলার আওয়াজ ছিল উঁচু, জোড় গলায় ডাকলেন, "কোথায় সামুরার লোকেরা? আল আব্বাস বলেন, "আল্লাহর শপথ, তারা যখন আমার গলার আওয়াজ পেল, পশুর পাল যেমন বাচ্চার দিকে ছুটে যায় সেভাবে একত্রে চলে আসল আর তারা বলল, "এই আমরা, আপনার সেবায় হাজির"। (মুসলিম) ইবন ইসহাক যোগ করেন যে এক ব্যক্তি উট সহ আসতে চাইল, কিন্তু সম্ভব না হওয়ায় তিনি যুদ্ধাস্ত্র ফেলে শুধু তলোয়ার আর চামড়ার তৈরি বর্ম নিয়ে আওয়াজের দিকে ছুটে আসেন। (সিরাহ ইবন হিশাম) আত তাবারী বলেন যে, রাসূল ﷺ আল আব্বাসকে বলেন, "আনসারদের ডাকো আর মুহাজিরদের ডাকো"। ফলে তিনি আনসারদের গোত্র ধরে ধরে ডাকতে লাগলেন। অতঃপর তিনি বললেন, "যারা সুরা বাক্বারাহ মুখস্থ করেছে তাদেরকে ডাকো"। ফলে তিনি ডাকলেন, " হে, সুরা বাক্বারাহ মুখস্থ কারী" এরপর তারা সকলে আসলেন। (আত তাফসীর)সহীহ মুসলিমে বর্ণিত আছে যে, বনী আল হারিছ ইবন আল খাযরাজদের শেষ আহবান করা হয়েছিল।

এখানে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ শিক্ষা ও নববী মহান দৃষ্টান্ত রয়েছে। রাসূল ﷺ এই আমল করেন যখন লোকজন পালাচ্ছিল আর বাহিনী ছত্রভঙ্গ হয়ে পড়েছিল, এমনকি তাঁর সাথে মাত্র বারো জন সঙ্গী ছিলেন বা -অন্য বর্ণনা মতে-

৩ "সামুরাহ" এক ধরনের বৃক্ষ (Acacia tortilis), যা ছাতা বৃক্ষ নামেও পরিচিত) যার নিচে সাহাবাগণ আল্লাহর রাসূলের ﷺ নিকট বাইয়াতে রিদওয়ানের সাক্ষ্য প্রদান করেন, আল্লাহ তায়ালা বলেন, "আল্লাহ মুমিনদের প্রতি সন্তুষ্ট হলেন, যখন তারা বৃক্ষের নীচে আপনার কাছে শপথ করল।" (সুরা ফাতহ: ১৮)

বড় জোড় আশি জন। বীর যোদ্ধা সালামাহ ইবন আবি আকওয়া ও বাইয়াতে রিদওয়ানের সেরা বান্দাগণ ও অন্যান্যরা সহ মুসলিম বীরগণ নাস্তানাবুদ হয়েছিলেন। সেই মুহূর্তে সেনাপতি হতাশ হয়ে যান নি। তিনি আশাহত হন নি। তিনি তরবারি ছুঁড়ে যুদ্ধক্ষেত্র থেকে পালিয়ে যান নি। এরকম করা থেকে তিনি পবিত্র।বরং, তিনি দৃঢ় ছিলেন এবং লোকদের সেই নাম ধরে ডাকতে থাকেন যে নামে তারা পরিচিত ছিলেন। তিনি তাদের দিয়ে শুরু করেন যারা ছিলেন ঈমানে দৃঢ়, একনিষ্ঠ সেনা এবং সবচেয়ে ধর্মপরায়ণ বান্দা: যারা বাইয়াতে রিদওয়ানের গাছের নিচে সাক্ষ্য দিয়েছিলেন। এরপর তিনি কুরআনের লোকদের ডাকতে থাকেন, যারা কুরআন ধারণ করেছিলেন, বিশেষত সুরা আল বাক্বারাহ মুখস্থ করেছিলেন। অতঃপর যখন তারা তাঁর চারপাশে জড়ো হলেন, তিনি আনসারদের গোত্র ধরে নাম ডেকে বিশ্বাসীদের হৃদয়ে গোত্র চেতনা জাগিয়ে তুললেন। ফলে, যারা পালানোর পাঁয়তারা করছিলেন তারা অপমানের ভয় ভীত হলেন। রাসূল ﷺ এরূপ করেন, যদিও তিনি জানতেন যে বাইয়াতে রিদওয়ানের এবং সুরা আল বাক্বারাহ মুখস্থকারীদের ইতিমধ্যে ডাকা হয়েছে। ফলে, তিনি সেরাদের মধ্যে সেরাদের দিয়ে শুরু করেন, তারপর পর্যায়ক্রমে অন্যদের আহবান করেন।

আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হল, যুদ্ধ থেকে পলায়নের গুনাহ এবং গুরুতর অপরাধ স্বত্বেও, যা গুনাহগারকে ধ্বংস করে দেয় এবং সে পরে আর কোন দিন তাওবাহ নাও করতে পারে, রাসূল ﷺ যারা পালিয়ে গিয়েছিল তাদের ভর্ৎসনা করেন নি, আর না তাদের অপমান করেছিলেন বা অভিসম্পাত করেছিলেন। বরং, তিনি তার বিপরীত করলেন। জিহাদ এবং তাওহীদে অগ্রগামীতার দরুন তাদের গোত্রের নাম ধরে ডেকে তাদের সম্মান করলেন। এ থেকে দেখা যায়, কঠিন পরিস্থিতিতে আমিরের উচিত -আল্লাহর পরে- অগ্রগামী মুজাহিদীনদের ওপর আস্থা রাখা, তারপর, তাদের পরে সম্ভ্রান্ত গোত্রের সন্তানদের ওপর আস্থা রাখা। তাদের কাউকে অবমাননা করার ক্ষেত্রে তাকে অনেক সাবধান থাকতে হবে। অধিকন্তু, যারা জিহাদ ত্যাগ করেছে তাদের সবার সঙ্গে আমিরের যোগাযোগ রাখতে হবে এবং আল্লাহর রাহে পূর্বে তার জিহাদের ভূমিকার কথা স্মরণ দিতে হবে, তাকে ভাইদের সারিতে ফিরিয়ে আনতে হবে, যেহেতু জিহাদ ত্যাগকারীকে এভাবে ছেড়ে দিলে সে শয়তান ও এর মিত্রের শিকারে পরিণত হবে এবং এর ফলে মুসলিম সৈন্যদের জন্য জিহাদে পরাজয়ের খেসারত দিতে হবে। আর কোন বিবেকবান লোক তা মেনে নিবে না।

পঞ্চমত, কে হুনায়নের যুদ্ধের দিন পালিয়েছিল তা জানার আরেকটা ভাল দিক আছে। আনাস ﷺ হতে মুসলিম শরীফে বর্ণিত আছে যে, উম্ম সুলায়ম হুনায়নের যুদ্ধের দিন হাতে খঞ্জর নিয়ে বলেন, "হে রাসূল ﷺ, আমি কি তুলাকাদের,

যারা আমাদের পরে (ইসলামে) এসেছে, তাদের কতল করব? তারা হুনায়নের দিন আপনার নিকট থেকে পলায়ন করে"। ফলে, রাসূল ﷺ বলেন, "হে উম্ম সুলায়ম, মূলত, আল্লাহই (আমাদের জন্য) যথেষ্ট ও উত্তম"। আনাস ﷺ হতে বুখারী শরীফে বর্ণিত আছে যে, রাসূল ﷺ এর সাথে হুনায়নের যুদ্ধের দিন দশ হাজার যোদ্ধা ছাড়াও তুলাকাগণ ছিল, যারা পরে পালিয়ে যায়। আন নববী ﷺ বলেন, "তুলাকাগণ হল সেইসব মক্কাবাসী যারা মক্কা বিজয়ের দিন ইসলাম গ্রহণ করেছিল। তাদের সেরূপ বলা হত, কারণ রাসূল ﷺ তাদের মুক্ত করে দেন। কিন্তু তাদের ইসলাম ছিল দুর্বল, তাই উম্ম সুলায়ম i মনে করেন যে, তারা ছিল মুনাফিক এবং যুদ্ধ ক্ষেত্র থেকে পালিয়ে তারা হত্যা যোগ্য অপরাধ করেছে"। (শারহ সহীহ মুসলিম)

